

অর্থনীতি

আলোচনা অনুষ্ঠানে গভর্নর

আ. লীগ আমলে ব্যাংকের এক-তৃতীয়াংশ অর্থ লোপাট, বিপাকে ২ কোটি আমানতকারী

প্রতিবেদক: অর্থনীতি ডেস্ক

প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



ছবি সংগৃহীত

কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের আমলে ব্যাংক খাতের এক-তৃতীয়াংশ অর্থ লোপাট হয়েছে বলে দাবি করেছেন বাংলাদেশ ব্যাংকের গভর্নর মো. মোস্তাকুর রহমান। তার মতে, এর প্রভাব পড়েছে প্রায় ২ কোটি আমানতকারীর ওপর।

বৃহস্পতিবার (৬ আগস্ট) ঢাকা বিশ্ববিদ্যালয়ে ডাচ-বাংলা ব্যাংক আয়োজিত 'বাংলা কিউআর' বিষয়ক এক আলোচনা অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন।

গভর্নর বলেন, বিগত আওয়ামী লীগ সরকার দেশের অর্থনীতিকে পঙ্গু করে দিয়ে গেছে। ব্যাংকিং খাতের এক-তৃতীয়াংশ অর্থ চুরি হয়েছে।

যাকে খেলাপি ঋণ বলা হচ্ছে, সেটি প্রকৃত অর্থে খেলাপি নয়, চুরি।

তিনি জানান, এ কারণে প্রায় ২ কোটি আমানতকারী ভোগান্তিতে পড়েছেন। এমন পরিস্থিতিতে ব্যাংকিং খাত স্বাভাবিকভাবে পরিচালনা করা কঠিন। বর্তমানে ব্যাংক খাতে মোট খেলাপি ঋণের হার ৩৬ শতাংশ। এটি খাতটির জন্য অশনি সংকেত।

খেলাপি ঋণ কমাতে ১৮ মাসের বিশেষ পরিকল্পনা নেওয়া হয়েছে বলেও জানান গভর্নর। পরিকল্পনার প্রথম ছয় মাসে বুলেট পেমেন্টের মাধ্যমে ঋণ পরিশোধ করে বেরিয়ে যাওয়ার সুযোগ থাকবে। পরের এক বছরে ডিস্ট্রেসড অ্যাসেট ম্যানেজমেন্ট আইন ও অর্থঋণ আদালতের মাধ্যমে ব্যবস্থা নেওয়া হবে।

তিনি বলেন, এসংক্রান্ত দুটি আইন আগামী সংসদ অধিবেশনেই পাস হতে পারে।

গভর্নর আরও জানান, বেসরকারি খাতে ঋণপ্রবাহ বাড়াতে আগামী সেপ্টেম্বর থেকে ৬০ হাজার কোটি টাকার নতুন ঋণ প্যাকেজ চালু করা হবে।

এ ছাড়া জুলাই যোদ্ধাদের সহায়তায় দেশের প্রতিটি উপজেলায় ৫ হাজার নতুন উদ্যোক্তা তৈরির উদ্যোগ নেওয়া হবে বলেও জানান তিনি।

এ বিভাগের আরও খবর



[[কিউআর কোডের মাধ্যমে কাউকে বাড়তি ফি দিতে হবে না]]
বাংলা কিউআর কোড ব্যবহার করে সেনাদের জন্য কোনো বাড়তি চার্জ বা ফি দিতে হবে না বলে জানিয়েছেন অর্থমন্ত্রী আমির হুসেন মাহমুদ চৌধুরী। ক্যান্সেল ব্যাংক...



সেপ্টেম্বরে ১৯ দিনে এলো ১৮৭ কোটি ডলার রেমিট্যান্স, রিজার্ভ ৩৬.৩০ বিলিয়ন
দেশের বৈদেশিক মুদ্রার মোট রিজার্ভ বেড়ে ৩৬ দশমিক ৩০ বিলিয়ন ডলারে দাঁড়িয়েছে। বাংলাদেশ ব্যাংকের তথ্য অনুযায়ী, ২০ সেপ্টেম্বর পর্যন্ত মোট রিজার্ভ...



শনিবার জাতীয় গ্রিডে যুক্ত হচ্ছে সাড়ে ১২ মিলিয়ন ঘনফুট গ্যাস
তিতাসের ২৮ নম্বর ক্লুপ থেকে জাতীয় গ্রিডে যুক্ত হচ্ছে সাড়ে ১২ মিলিয়ন ঘনফুট গ্যাস। বাংলাদেশ গ্যাস ফিল্ডস কোম্পানি লিমিটেডের (বিজিএফসিএল) তিতাস গ...
...



বন্ধ শিল্প চালু করতে ২০ হাজার কোটি টাকার ঋিম, ঋণে সুদ ৭%
বন্ধ শিল্প ও সেবা যাত্তের প্রতিটানত্সো পুনরায় চালু করতে ২০ হাজার কোটি টাকার বিশেষ ঋিম চালু করেছে বাংলাদেশ ব্যাংক। এ ঋিমের আওতায় গ্রাহক প...
...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/economy/a-lig-amle-bjangker-ek-tritiyangsh-orth-lopat-bipake-2-koti-amantkari>